



## বাংলাদেশ ইউনিভার্সিটি অব হেল্থ সায়েন্সেস (বিইউএইচএস)

১২৫/১, দারুস সালাম মিরপুর-১, ঢাকা-১২১৬

স্মারক নং : বিইউএইচএস/রেজি:/নোটিশ/২০২৫/৩০

২০ ফেব্রুয়ারি ২০২৫

### নোটিশ

কর্তৃপক্ষের নির্দেশক্রমে সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, শিক্ষা মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় বিশেষ সহকারী, (প্রতিমন্ত্রীর পদমর্যাদা) অধ্যাপক ড. এম আমিনুল ইসলাম আগামী ২৩/০২/২০২৫ তারিখ বাংলাদেশ ইউনিভার্সিটি অব হেল্থ সায়েন্সেস এর-সার্বিক শিক্ষা কার্যক্রম বিষয়ে মতবিনিময় করার জন্য অভিপ্রায় প্রকাশ করেছেন। উক্ত মতবিনিময় সভায় অধ্যাপক ড. মোহাম্মদ আনোয়ার হোসেন, সদস্য বাংলাদেশ মঞ্জুরী কমিশন, বিশেষ অতিথি হিসাবে উপস্থিত থাকবেন।

সভা স্থান: মালেক চৌধুরী একাডেমিক ভবনের মিটিং রুম (রুম নং-২০৫); সময়: বিকাল ৪.০০ ঘটিকায়

অধ্যাপক ডা. শেখ আখতার আহমদ, উপাচার্য (ভারপ্রাপ্ত) উক্ত সভায় সভাপতিত্ব করবেন। বিইউএইচএসের সকল অনুষদের ডিন, অধ্যাপক, সহযোগী অধ্যাপক ও সহকারী অধ্যাপকগণকে উক্ত সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হচ্ছে। ঐদিনের জন্য জরুরী প্রয়োজন ছাড়া অন্য কোন ছুটি এবং ডে-অফ গ্রহনযোগ্য হবেনা।

স্ব স্ব বিভাগীয় প্রধানগণ তাদের প্রোগ্রামের কারিকুলাম সম্পর্কে সভাকে অবহিত করার জন্য প্রস্তুত থাকবেন।

(অধ্যাপক ডা. মো. জাহিদ হাসান)  
রেজিস্ট্রার, বিইউএইচএস

অনুলিপি: (কার্যার্থে ও জ্ঞাতার্থে)

১. উপাচার্য মহোদয় (ভারপ্রাপ্ত), বিইউএইচএস
২. ট্রেজারার মহোদয়, বিইউএইচএস
৩. সকল অনুষদের ডিন, বিইউএইচএস
৪. সকল বিভাগীয় প্রধান, একাডেমিক, বিইউএইচএস
৫. সকল শিক্ষক, বিইউএইচএস
৬. লজিস্টিক ইনচার্জ, বিইউএইচএস
৭. অফিস কপি